

# ভার্চুয়াল ওয়ার্ল্ড ধীরে ধীরে প্রতিক্রিয়াশীলদের হাতে চলে যাচ্ছে: শিক্ষামন্ত্রী

দ্রুত প্রতিবেদক

১৪ মে ২০২৪, ১০:১৮ পিএম



জাতীয় জাদুঘরে কথাশিল্পী শওকত ওসমানের ২৬তম প্রয়াণদিবস উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

ভার্চুয়াল ওয়ার্ল্ড ধীরে ধীরে প্রতিক্রিয়াশীলদের হাতে চলে যাচ্ছে এবং এটি সুদূর প্রসারী ষড়যন্ত্রের অংশ বলে উদ্বেগ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

আজ মঙ্গলবার সন্ধ্যায় রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরে কথাশিল্পী শওকত ওসমানের ২৬তম প্রয়াণদিবস উপলক্ষে এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘ভার্চুয়াল ওয়ার্ল্ড ধীরে ধীরে প্রতিক্রিয়াশীলদের হাতে চলে যাচ্ছে। সেটি নিয়ে আমাদের ভাবতে হবে। এটি ব্যবহারের মাধ্যমে রবীন্দ্রনাথকে ঘিরে নানান অপপ্রচার, তারণ প্রজন্মের মধ্যে সাম্প্রদায়িকতাকে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এটি সুদূর প্রসারী ষড়যন্ত্রের অংশ।’

তিনি বলেন, ‘একটা সময় রাষ্ট্রের অস্তিত্ব হুমকির সম্মুখীন হবে, যদি এটি উপলব্ধি না করে ব্যবস্থা নিতে না পারি। সেজন্য সবাইকে আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। সেই ঐক্য শুধু রাজনীতিবিদদের কাছে প্রত্যাশা করলে হবে না। যারা আমরা সমাজে প্রগতির চর্চা করছি, তাদেরও প্রযুক্তির জগৎ তথা ভার্চুয়াল ওয়ার্ল্ডে আসতে হবে।’

মন্ত্রী বলেন, ‘কয়েকদিন আগে একটা পক্ষ আমাকে বলেছে ‘সবার উপর মানুষ সত্য’ এই কথাটি লিখা যাবে না। এটি নাকি কুফরি মতবাদ। এই ধরনের সংকীর্ণ মানসিকতা ধারণকারীরা মানবতার বিষয়টি উপলব্ধি করতে পারে না, যেখানে ভয়াবহ প্ৰতিক্ৰিয়াশীল গোষ্ঠী বিদ্যমান। সেখানে ইংরেজি মাধ্যম ও ভাৰ্চুয়াল দোষ দিয়ে খুব বেশি লাভ হবে না।’

শিক্ষামন্ত্রী বলেন, ‘আমার শোকত ওসমানকে স্মরণ করার পাশাপাশি তার সাহিত্য চৰ্চাৰ অন্তৰ্নিহিত বাৰ্তা এই প্ৰজন্মের মধ্যে স্থাপিত করতে হবে।’